আজকের কাগজ

তারিখ ...29 OCT 1995...
পৃষ্ঠা ২ কলাম ৬

04

# বর্তমান ভিসিকে আরো ৪ বছরের জন্যে নিয়োগের পাঁয়তারা ॥ চ.বি'তে উত্তেজনা

কাগজ প্রতিবেদকঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্যানেল নির্বাচনকে কেন্দ্র করে শিক্ষকদের মধ্যে উত্তেজনা, ক্ষোভ, অসন্তোষ চরম আকার ধারণ করেছে। প্রতিক্রিয়াশীল ও সুবিধাবাদী একটি চক্র বর্তমান ভিসিকে ব্যক্তি ও গোষ্ঠি স্বার্থে আরারো ৪ বছরের জন্যে নিয়োগ পাঁয়তারা করায় পরিস্থিতি ক্রমে উত্তপ্ত হয়ে উঠছে। এ চক্রটি একাধিক গোপন বৈঠকের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে পরিকল্পিত সংকট সৃষ্টির একটি নীল নকসা তৈরি করেছে। মূলত এটি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ (স্বায়ত্তশাসনের)-এর ওপর হস্তক্ষেপের 'টেস্ট কেইস'। ভিসি ঢালাওভাবে পদোন্নতি, প্রশাসনিক, একাডেমিক সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে সাদা ও গোলাপী প্যানেলভুক্ত শিক্ষকদের মাঝ থেকে কিছু শিক্ষককে তার পক্ষে নেওয়ার তৎপরতা অব্যাহত রয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, বর্তমান ভিসি অধ্যাপক রফিকুল ইসলাম চৌধুরী সিনেট কর্তৃক প্যানেলের মাধ্যমে নির্বাচিত ভিসি অধ্যাপক আলমগীর মুহাম্মদ সিরাজ উদ্দিনকে ষড়যন্ত্রমূলকভাবে অপসারণ করে ভিসি পদে আসীন হন। ক্ষমতায় আসীন হয়ে তিনি শিক্ষক কর্মকর্তাদের ঢালাও পদোন্নতি, প্রশাসনিক ও অন্যান্য পদে নিয়োগ দিয়ে কতিপয় সুবিধাভোগিদের আস্থা অর্জন করেন। এ সুবিধাভোগী মহলটি ভিসিকে আরো ৪ বছর তাদের ব্যক্তি ও গোষ্ঠি স্বার্থে বহাল রাখার জন্যে নানা কূটকৌশলের আশ্রয় নিয়েছে। এরই অংশ হিসেবে ভিসি ৩০ নভেম্বর শুধু মাত্র শিক্ষক ক্যাটাগরির নির্বাচনের তারিখ ঘোষণা করেন। সিনেটের অপর অংশ রেজিস্ট্রার্ড গ্রাজুয়েট নির্বাচনের তারিখ ঘোষণা না করে, বরং ১৫ ডিসেম্বর পর্যন্ত সদস্য হওয়ার মেয়াদ বৃদ্ধি করেছে। উল্লেখ্য, আগামী ২৯ ডিসেম্বর বর্তমান ভিসি মেয়াদ ৪ বছর পূর্ণ হবে। এ অবস্থায় ভিসি সিনেটের রেজিস্ট্রার্ড গ্রাজুয়েটদের নির্বাচন করতে পারবেন না। শিক্ষকরা অভিযোগ তুলেছেন যে, পরিকল্পিত ও সূক্ষ্মভাবে একটি সংকট সৃষ্টি করে রাজাকার ভিসি আরআই চৌধুরী বর্তমান বিএনপি সরকার কর্তৃক আবারো নিয়োগ লাভের তদবির করছেন।